

## “প্রেস বিজ্ঞপ্তি”

জালালাবাদ গ্যাসের ২১১.৭২ কোটি টাকা মুনাফা অর্জন

জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন গ্র্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিঃ, সিলেট-এর ৩৩ তম বার্ষিক সাধারণ সভা ০৯ নভেম্বর, ২০১৯ তারিখে হোটেল স্টার প্যাসিফিক, সিলেট-এ অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কোম্পানির পরিচালনা পর্ষদের চেয়ারম্যান এ বি এম আবদুল ফাত্তাহ, অতিরিক্ত সচিব (উন্নয়ন), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ। উক্ত সভায় কোম্পানির ২০১৮-২০১৯ অর্থ বছরের নিরীক্ষিত হিসাব অনুমোদিত হয়।

২০১৮-২০১৯ অর্থ বছরে কোম্পানি ৩৭৯৫.০৬৫ মিলিয়ন ঘনমিটার গ্যাস বিক্রি করে ২০১৪.৩৫ কোটি টাকা এবং অন্যান্য আয় বাবদ ১৭৫.০৭ কোটি টাকা সহ মোট ২১৮৯.৪২ কোটি টাকা রাজস্ব আয় করে। আলোচ্য অর্থ বছরে কোম্পানি ২১১.৭২ কোটি টাকা কর-পূর্ব ও ১৩৭.৬২ কোটি টাকা করোত্তর নীট মুনাফা অর্জন করে। আলোচ্য বছরে ডিএসএল, লভ্যাংশ, আয়কর, আমদানীশুল্ক ও ভ্যাট বাবদ রাষ্ট্রীয় কোষাগারে মোট ১২৫.৪৪ কোটি টাকা জমা দেয়া হয়েছে, যা গত অর্থ বছরে ছিল ১১৮.৪২ কোটি টাকা।

সভায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সিনিয়র সচিব আবু হেনা মোঃ রহমাতুল মুনিম, পেট্রোবাংলার চেয়ারম্যান মোঃ রুহুল আমীন, কোম্পানির শেয়ার হোল্ডারবৃন্দ, পরিচালকগণ ও কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক উপস্থিত ছিলেন। এছাড়া, বার্ষিক সাধারণ সভা উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে বিভিন্ন মন্ত্রণালয়, পেট্রোবাংলা, পেট্রোবাংলার অধীনস্থ কোম্পানিসমূহের ব্যবস্থাপনা পরিচালকগণ, সিলেটস্থ বিভিন্ন প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাগণ, স্থানীয় রাজনৈতিক ও সামাজিক নেতৃবৃন্দ এবং জালালাবাদ গ্যাসের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। বার্ষিক সাধারণ সভা শেষে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।